# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ভালো আমলের জন্য কোন মানুষের প্রতি অন্যান্য মানুষের মানুষের ভালোবাসা যা আমরা পূর্বে বর্ণনা করলাম, এটি সে ব্যক্তির জন্য দুনিয়াতে ত্বড়িৎ অগ্রীম শুভ সংবাদ

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَحَبَّةَ مَنْ وَصَفْنَا قَبْلُ لِلْمَرْءِ عَلَى الطَّاعَاتِ إِنَّمَا هُوَ تَعْجِيلُ بُشراه في الدنيا

آরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ شُعْبَةَ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ قَالَ: قال أبو ذر: يا رسول الله! إِنَّ الرَّجُلَ يَعْمَلُ لِنَفْسِهِ وَيُحِبُّهُ النَّاسُ؟ قَالَ: (تلك عاجل بشرى المؤمن).

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 367 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৬৭. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কোন ব্যক্তি নিজের জন্য আমল করে, অথচ মানুষ তাকে ভালোবাসে (তাহলে এর বিধান কী হবে)?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এটি মু’মিন ব্যক্তির জন্য ত্বড়িৎ শুভ সংবাদ।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৫৭; সহীহ মুসলিম: ২৬৪২; ইবনু মাজাহ: ৪২২৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ ইবনু মাজাহ: ৪২২৫ ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88666

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন